
১৪/১১/২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
তদন্ত ও শৃঙ্খলা শাখা
মিরপুর-২, ঢাকা- ১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং : ৩৮.০১.০০০০.৩০০.২৭.২৮৯.২১-৪৩৬

তারিখঃ ১৪/১১/২০২২
২৭/১১/২০২২

আদেশ


যেহেতু, জনাব মোঃ ইমাম হোসেন, উচ্চমান সহকারী কাম হিসাব রক্ষক, উপজেলা শিক্ষা অফিস, মনোহরগঞ্জ, কুমিল্লা (সাবেক উপজেলা শিক্ষা অফিস, মেঘলা, কুমিল্লা)-এর বিরুদ্ধে মেঘনা উপজেলা শিক্ষা অফিসের অফিস সহায়ক জনাব মোঃ আব্দুল বারেক এর চাকুরি খতিয়ান বহি ২য় অংশে ১৫নং পৃষ্ঠায় উপজেলা শিক্ষা অফিসারের বিনানুমতিতে কর্মচারীর গৃহনির্মান অগ্রীমের সুদসহ সমুদর টাকা কর্তন শেষ হয়েছে মমে লিপিবদ্ধ করা এবং উপজেলা শিক্ষা অফিসারের স্বাক্ষর জাল করে চাকুরী বহি হালফিল করার অপরাধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩ (খ) ও ৩ (ঘ) উপবিধি অনুযায়ী যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে গত ২৪/১০/২০২১ খ্রিঃ তারিখে বিভাগীয় মামলা ৩য় শ্রেণী/বিমা- ০৯/২১/৩২৫ রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মচারী ০১/১১/২০২১ খ্রিঃ তারিখে লিখিত জবাব দাখিল করেন এবং ২৭/১২/২০২১ খ্রিঃ তারিখে তার ব্যক্তিগত গুনানি গ্রহণ করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মচারীর দাখিলকৃত জবাব, ব্যক্তিগত গুনানিতে প্রদত্ত বক্তব্য, বিভাগীয় মামলার প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি ও সার্বিক বিষয় পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪ (২)(ক) উপবিধি মোতাবেক “তিরস্কার (Censure)” দণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব মোঃ ইমাম হোসেন, উচ্চমান সহকারী কাম হিসাব রক্ষক, উপজেলা শিক্ষা অফিস, মনোহরগঞ্জ, কুমিল্লা (সাবেক উপজেলা শিক্ষা অফিস, মেঘলা, কুমিল্লা)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪ (২)(ক) উপবিধি মোতাবেক “তিরস্কার (Censure)” দণ্ড প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


আলমগীর মুহম্মদ মনসুরুল আলম
মহাপরিচালক (গ্রেড-১)
টেলিফোন: ০২৫৫০৭৪৭৭৭
ই-মেইল: dgprimarybd@gmail.com
ফ্যাক্স: ০২৫৫০৭৪৯০৪

স্মারক নং ৩৮.০১.০০০০.৩০০.২৭.২৮৯.২১-৪৩৬

তারিখঃ ১৪/১১/২০২২
২৭/১১/২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১. পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

২. পরিচালক (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (আইএমডির কার্যক্রমের অনুরোধ করা হলো)।

৩. উপপরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

৪. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

৫. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কুমিল্লা।

৬. উপজেলা শিক্ষা অফিসার, মনোহরগঞ্জ/মেঘনা।

৭. উপজেলা হিসাবরক্ষণ অফিসার, মনোহরগঞ্জ/মেঘনা।


৮. জনাব মোঃ ইমাম হোসেন, উচ্চমান সহকারী উপজেলা শিক্ষা অফিস, মেঘলা, কুমিল্লা।

৯. সংরক্ষণ নথি।

<input checked="" type="checkbox"/> মিলিটারি সিস্টেম এনালিস্ট
<input checked="" type="checkbox"/> সিভিল সিস্টেম এনালিস্ট (চঃ দাঃ)
<input checked="" type="checkbox"/> কম্পিউটার সিস্টেম এনালিস্ট, উপজেলা শিক্ষা অফিস, মনোহরগঞ্জ, কুমিল্লা (সাবেক
<input type="checkbox"/> প্রোগ্রামার-১
<input type="checkbox"/> মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার
<input type="checkbox"/> প্রোগ্রামার-২
<input type="checkbox"/> সহঃ প্রোগ্রামার-১
<input type="checkbox"/> সহঃ প্রোগ্রামার-২
<input type="checkbox"/> সহঃ মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার-১
<input type="checkbox"/> সহঃ মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার-২

তারিখঃ: _____

পরিচালক (আইএমডি)


(নিলুফার ইয়াসমিন)
উপপরিচালক
তদন্ত ও শৃঙ্খলা শাখা
ফোনঃ ৫৫০৭৪৯০৫